দামুড়হুদায় সড়ক দুর্ঘটনায় স্কুলছাত্র নিহত

দামুড়হুদা উপজেলার চিৎলা গ্রামে সড়ক দুর্ঘটনায় শুভ (১৬) নিহত হয়েছে। নিহত শুভ চিৎলা গ্রামের নতুনপাড়ার টোটন আলীর ছেলে ও দামুড়হুদা পাইলট সরকারি হাই স্কুলের দশম শ্রেণীর ছাত্র।

গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টার চিৎলা গ্রামের তেঁতুলতলা নামক স্থানে এ দূর্ঘটনাটি ঘটে।

প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ উপ-পরিদর্শক বাকী বিল্লাহ জানান, ঘটনার সময় চিৎলা গ্রামের নতুনপাড়ার টোটন আলীর বড় ছেলে শুভ (১৬) ও ছোট ছেলে লিমন (১৪) মাঠ থেকে কৃষিকাজ শেষে মোটরসাইকেল যোগে বাড়ি ফিরছিলো। ফেরার পথে চিৎলা গ্রামে তেঁতুলতলা নামক স্থানে পৌঁছুলে একটি বাইসাইকেল চালকে সঙ্গে ধাক্কা খেয়ে তারা দুজন রাস্তার ওপর ছিঁটকে ছিটকে পড়ে।

এসময় বিপরিত দিক থেকে আসা একটি অবৈধ আলমসাধুর চালক, রাস্তায় পড়ে থাকা শুভর শরীরের ওপর দিয়ে সেটা চালিয়ে দিয়ে দ্রুত সেখান থেকে চলে যায়। ওই সময় রাস্তার পাশে ছিটকে পড়া লিমন আহত হয়।

স্থানীয়রা শুভকে রক্তাক্ত অবস্থায় দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়ার পথেই সে মারা যায়। গতকাল আছরের নামাজের পর গ্রাম্য কবরস্থানে তার দাফন সম্পন্ন করা হয়।

দামুড়হুদা মডেল থানার কর্তব্যরত পুলিশ উপ-পরিদর্শক রাজু বলেন, দুর্ঘটনায় নিহত শুভর পরিবারের পক্ষ থেকে কেউ থানায় অভিযোগ না করায় লাশ ময়না তদন্ত ছাড়াই দাফনের জন্য পরিবারের কাছে লাশ হস্তান্তর করা হয়।

চুয়াডাঙ্গায় ছাত্রলীগের উদ্যোগে ইফতার সামগ্রী বিতরণ

অসহায় দরিদ্র ছিন্নমূল ও পথশিশুদের মাঝে ইফতার সামগ্রী বিতরণ করেছেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জানিফ এর নেতৃত্বে চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশন সহ বিভিন্ন স্থানে এই ইফতার সামগ্রী বিতরণ করা হয়।
এসময় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জানিফ বলেন বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদও এই রমজান মাসে সেহরি ও ইফতারের উদ্যোগ নিয়েছে তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের পক্ষ থেকে এই কর্মসূচি।

এ সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সদস্য ইমদাদুল হক সজল চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা ইব্রাহিম শেখ ইমরান, মনিরুজ্জামান শুভ, হিমু, আকিব, জাভেদ, রাকিব, সুমন, হাসান, শাফায়েত, শাওন, বিপ, সাইফুল, সালেকিন, সুরুজ, অংকন, রোমেলসহ চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতাকর্মীবৃন্দ।

এই কার্যক্রম ধারাবাহিকভাবে চলতে থাকবে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জানিফ।

দামুড়হুদায় করোনার উপসর্গ নিয়ে একজনের মৃত্যু

দামুড়হুদা উপজেলার হোগলডাঙ্গা গ্রামের আব্দুল জলিল (৫০) করোনার উপসর্গ নিয়ে মারা গেছে। মৃত আব্দুল জলিল হোগলডাঙ্গা গ্রামের আব্দুল লতিফের ছেলে। গতকাল শুক্রবার সকালে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের করোনা ইউনিটে ভর্তির পরপরই তার মৃত্যু হয়।

জলিলের পারিবার সুত্রে জানাযায়,বৃহস্পতিবার রাতে তার জ্বর ও সর্দিকাসি দেখা দিলে শুক্রবার সকাল ৬টার দিকে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয় হয় স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত চিকিৎসক ডাঃ অনিত কুমার বিশ্বাস তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ৪র্থ তালায় করোনা ওয়ার্ডে পাঠায়। এর কিছুক্ষন পর অতিরিক্ত স্বাসকষ্ট শুরু হলে চিকিৎসাধীন অবস্থায় সকাল সাড়ে ৬টার দিকে সে মারা যায়।

উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা আবু হেনা মোহাম্মদ জামাল শুভ বলেন,সকালে সে করোনার উপসর্গ নিয়ে স্বাস্থকমপ্লেক্সে আসলে প্রাথমিক চিকিৎসা দিয়ে করোনা ওয়ার্ডে নেওয়ার পর অতিরিক্ত স্বাসকষ্ট শুরুহলে তার মৃত্যু হয়।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় আহত-৩

আলমডাঙ্গা মুন্সিগঞ্জে বালি বোঝায় ট্রাক্টর ও অটো বাইকের মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গার কৃষ্ণপুরে এই দুর্ঘটনাটি ঘটে।

এ দুর্ঘটনায় ৩ জন যাত্রী গুরুত্বর আহত হয়। স্থানীয়দের সহযোগিতায় আহত ব্যাক্তিদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

জানাগেছে, চুয়াডাঙ্গা টু আলমডাঙ্গা সড়ক দিয়ে বালি ভর্তি ট্রাক্টর যাচ্ছিলো। ট্রাক্টরটি মুন্সিগঞ্জের কৃষ্ণপুর এলাকায় পৌঁছালে বিপরীত থেকে অটো বাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। এসময় অটো গাড়িতে থাকা মহিলা ও পুরুষ ৩ জন গুরুত্বর আহত হয়।

আহত ব্যাক্তিরা হলো-চুয়াডাঙ্গার আলুকদিয়া গ্রামের সাহেব আলির ছেলে অটো চালক মান্নান, গোপালপুর গ্রামের মৃত টেংগর আলির মেয়ে ভানু, হানুরবাড়াদি গ্রামের আজগারের ছেলে আব্দুর রহিম।

স্থানীয়রা আহত ব্যাক্তিদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন।

আলমডাঙ্গায় দলীয় নেতা কর্মীদের সাথে এমপির মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় আওয়ামী লীগ নেতা কর্মীদের মতোবিনিময় করেছেন।

সভায় এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, দেশে নতুন করে সাড়ে ৪ হাজার করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পেয়েছে, প্রতিদিন গড়ে সাড়ে ৪ হাজার আক্রান্ত, এবং গড়ে মৃত্যুর সংখ্যা ১০০। অতএব সকলকে সজাগ হতে হবে।

সরকার আগামী ১৪ তারিখ থেকে এক সপ্তাহ কঠোর লকডাউন ঘোষণা করেছিলেন। পরিস্থিতি বিবেচনায় আবারও ৭ দিনের জন্য লকডাউন ঘোষণা করেছে।
আপনারা সরকারকে সহায়তা করবেন, নিজেদের জন্য, ভবিষ্যত প্রজন্মের জন্য। কর্মীদের বলেন, দেশকে অস্থিতিশীল করতে মৌলবাদী শক্তি সহ একটি চক্র মাঠে নেমেছে। ওরা হেফাজত, জামাত, বিএনপি একই সুত্রে গাথা। ওদের বিরুদ্ধে সজাগ থাকুন।

সারা দেশে ভাংচুর করছে, অগ্নি সংযোগ করে দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করছে। বিএনপি ওদের কাধে চেপে সরকারে যাবার স্বপ্ন দেখছে। এদের বিরুদ্ধে রুখে দাড়াতে হবে। দলের প্রতিটি নেতা কর্মীকে সজাগ থাকতে হবে। মাঠে প্রস্তুত থাকতে হবে। কোন প্রকার অরাজকতা করার চেস্টা করলে কঠোর ভাবে দমন করতে হবে।

মতবিনিময় সভায় উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনুর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সাাংগাঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, জেলা শ্রমিক লীগের নেতা আফজাল হোসেন, জেলা বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম, জেলা সদস্য আবু মুছা, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, পৌর সভাপতি দেলোয়াার হোসেন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমার ফারুক।

উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক সাবেক ভাইস চেয়ারম্যান কাজী খালেদুর রহমান অরুনের উপস্থাপনায় উপস্থথিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি বিশিষ্ঠ ব্যবসায়ী ও শিক্ষানুরাগী আলহাজ লিয়াকত আলী লিপু মোল্লা, হামিদুল ইসলাম, খন্দকার শাহ আলম মন্টু, পৌর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, উপজেলা আাওয়ামী লীগের প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামীলীগের সহসভাপতি আবু ডালিম,সহিদুল হক মোল্লা অপু প্রমুখ।

চুয়াডাঙ্গায় স্বাস্থ্যবিধি না মানায় জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদরের কৃষ্ণপুর মোড় এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালানো হয়েছে। ভ্রাম্যমাণ আদালতের অভিযানে অভিযানে ৩ জনকে ২০০০ টাকা জরিমানা করা হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান গতকাল বুধবার সাড়ে ১১ টার সময় চুয়াডাঙ্গার কৃষ্ণপুর মোড় এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে লকডাউন অমান্য করে দোকান খুলে রাখা, মাস্ক পরিধান না করা এবং স্বাস্থ্য বিধি না মানার অপরাধে দন্ডবিধি ১৮৬০ এর ৩টি মামলায় ৩ জন কে ২০০০/-(দুই হাজারটাকা) অর্থদন্ড প্রদান করেন।

এসময় তিনি বলেন, সরকার ঘোষিত লকডাউন অমান্য ও সরকারের সকল নিয়ম-নীতি অমান্য করলে সকলকে আইনের আওতায় এনে জরিমানা করা হবে।

ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনায় সহযোগিতা করেন পেশকার মোঃ সোবহান আলীসহ মোবাইল কোর্ট পরিচালনার সদস্যবৃন্দ। জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে জানাযায়।

দর্শনা রেল বন্দরে পৌছেছে ভারত থেকে আমদানি করা চাল

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা সীমান্ত দিয়ে ভারত থেকে আমদানি করা বাংলাদেশের সরকারি চালের মালবাহী ট্রেনের র্যাকে দর্শনা বন্দর রেলের ওয়াগন,কাষ্টমস, কোয়ারেন্টাইনের কাজ সম্পূন্ন করা হয়েছে। দর্শনা আন্তজার্তিক রের ষ্টেশনের সুপারেইনটেনটেন্ড মীর লিয়াকত আলী জানান, মঙ্গলবার ভারতীয় পশ্চিম বঙ্গের নদীয় জেলার গেদে সীমান্ত দিয়ে পৃথক ভাবে ভারতীয় মালবাহী ট্রেনের ৩ টি র্যাকে করে ১শত ২২ টি ওয়াগনের ভর্তি চাল এসে পৌছায় দর্শনা আন্তজার্তিক রেল বন্দরে ।

রেলের ৩ টি র্যাকের ১শত ২২ ওয়াগনে ৭ হাজার ১ শত ৯০ মেট্রিক টন চাল বাংলাদেশ সরকার আমদানী করেছে । বুধবার দুপুরে দামুড়[হুদার সীমান্তে দর্শনা রেল বন্দরে আসা ভারতীয় মালবাহী ট্রেনের ৩ টি র্যাকে দর্শনা রেলওয়ে, কাস্টমস, কোয়ারেন্টাইন শেষে মালামাল খালাস শেষে পাবনার জেলার সান্তাহারে উদ্দেশ্যে রওনা হবে। ইতি মধ্যে ১ টি মালবাহী ট্রেনের র্যাক সান্তাহারে উদ্দেশ্যে ছেড়ে গেছে।

চুয়াডাঙ্গা জেলা খাদ্য নিরক্ষক কর্মকর্তা মোঃ রেজাউল ইসলাম জানান, পাবনা জেলার সান্তাহারে স্টেশনে ওয়াগেন খালাস করা হবে। সরকারিভাবে পণ্য চাউল খালাশ করার জন্য তত্ত্বাবধায়ক একটি কমিটি করা আছে। তারা চাউল গুণগতমান যাচাই করে এবং খালাস করার কাজে নিয়েজিত থাকবেন।

কুড়ুলগাছীতে ৫ দোকানে আগুন ক্ষতিগ্রস্থদের মাঝে নগদ অর্থ প্রদান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি বাজারে রাতে সেহরির সময় ৫ টি দোকানে আগুন লেগে পুড়ে লক্ষাধিক টাকার মালামাল ভূস্মিভুত হয়েছে। বুধবার সকালে ঘটনাস্থলে পরিদর্শন করে ক্ষতিগ্রস্থের ৫ জনের মাঝে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান নগদ অর্থ ৫০ হাজার টাকা প্রদান করেছে।

জানাগেছে, মঙ্গলবার দিবাগত রাত ৩ টার দিকে দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি বাজারের খোকনের হোটেলের চুলা থেকে আগুনের সুত্রপাত হয়। পরে হোটেলের পাশা পাশি থাকা ৫ টি দোকানে আগুন লেগে মালামাল পুড়ে ছাই হয়ে যায়। এই খবর মসজিদেন মাইকে আগুন লাগার বিষয়টি ঘোষনা দিলে স্থানীয় লোকজন ছুটে আসে। পরে দর্শনা ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থলে এসে আগুন পুরোপুরি নিয়ন্ত্রনে নেয়।

বুধবার সকাল ১০ টার দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান কুড়ুলগাছি বাজারে ঘটনাস্থল পরিদর্শন করেন। পরে ক্ষতিগ্রস্থদের ৫ জনের মাঝে নগদ অর্থ ৫০ হাজার টাকা তুলে দেন তিনি।এসময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান শাহ মোহাম্মদ এনামুল করিম ইনু, উপজেলা প্রকল্প বাস্তবায়নকারী অফিসার মোঃ আশরাফুল ইসলাম।

দামুড়হুদায় ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

দামুড়হুদায় মডেল থানা পুলিশের মাদক বিরোধী সফল অভিযানে মাদক সম্রাট হাপুর জামাই মাদক ব্যবসায়ী সোহাগকে মাদকসহ গ্রেফতার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

থানা সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক নিদের্শে থানার চৌকস অফিসার এসআই সঞ্জয় কুমার চক্রবর্তী, সঙ্গীয় এসআই মারজান আল মোনায়েম সঙ্গীয় ফোর্সসহ দুপুর ৩ টার দিকে মডেল থানাধীন পাড় দামুড়হুদা মোড়ের পাকা রাস্তার উপর থেকে আসামী আবুজর গেফারী ওরফে সোহাগ (৩৬) কে আটক করেন।

এ সময় তার দেহ তল্লাশি করে ৬ পিচ ফেন্সিডিল পাওয়া যায়।

গ্রেফতারকৃত আসামি দামুড়হুদা দশমীপাড়ার রফিকুল ইসলামের ছেলে।

আসামির বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মামলা নং১০, ধারা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারনিক ক্রমিক নং (খ) রুজু করা হয়েছে।
দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে গ্রেফতারকৃত আসামি মাদকদ্রব্য বিক্রয়ের জন্য মাদকদ্রব্য সহ অবস্থান করছেন। এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। আজ আসামিকে কোর্টে প্রেরণ করা হবে।

দর্শনায় মাই টিভির যুগ পূর্তিতে ইফতার ও খাদ্যসামগ্রী বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দর্শনা প্রেসক্লাবে মাই টিভির ১২তম বর্ষ পদার্পন উৎযাপন এবং হাফিজিয়া মাদরাসার শিক্ষার্থী ও দরিদ্র মানুষের মাঝে ইফতার ও খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।
গতকাল মঙ্গলবার বিকাল ৪ ঘটিকার সময় দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি মাই টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি এবং জাতীয় দৈনিক যুগান্তর এর দামুড়হুদা প্রতিনিধি ইকরামুল হক পিপুলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা

পরিষদের সাবেক প্রসাশক মাহফুজুর রহমান মনজু।
আরও উপস্থিত ছিলেন, দর্শনা থানার ওসি মোঃ মাহাব্বুর রহমান কাজল, দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাংবাদিক সমিতির সভাপতি মোঃ আওয়াল হোসেন, সাধারণ সম্পাদক এস এম ওসমান, মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা ব্যুরো প্রধান আহসান হাবীব মামুন, দৈনিক আকাশ খবর পত্রিকার দর্শনা ব্যুারো প্রধান ইমতিয়াজ আহমেদ রয়েল, মেহেরপুর প্রতিদিনের দর্শনা প্রতিনিধি ফরহাদ হোসেন, সুজন, আব্দুল হান্নান, বাঁধন, রিফাত, প্রমুখ।
অনুষ্ঠানে সঞ্চালনা করেন, প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল। অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব মাহফুজুর রহমান মুনজু বলেন মাই টিভি দূর্বার গতিতে সামনে এগিয়ে যাচ্ছে এবং ভবিষ্যতে এই চ্যানেল আরও এগিয়ে যাবে। মাই টিভির জন্য শুভকামনা ও ভালবাসা রইল।